

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৪.২১.১১৩২

তারিখ: ২১ চৈত্র ১৪২৮

০৪ এপ্রিল ২০২২

বিষয়: মাদারীপুর জেলার সদর উপজেলাধীন মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-D2030592) এর প্রার্থিত নাম সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) DEO, মাদারীপুর এর স্মারক নং-জেশিঅ/মাদা/৫৪০; তারিখ: ১৮.১০.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮-৮১; তারিখ: ২০.০৩.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার সদর উপজেলাধীন মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-D2030592) এর এমপিও শীটে নাম সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (সহকারী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে মো: মিজানুর রহমান, এর নাম MD. MIZANUR RAHMAN মুদ্রিত আছে কিন্তু একাডেমিক সনদ (দাখিল, আলিম, ফাজিল, কামিল), জাতীয় পরিচয়পত্র, নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে নাম MD. MIZANUR RAHAMAN উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৬ উল্লেখ আছে যা মুহাদ্দিস পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত নাম MD. MIZANUR RAHAMAN মর্মে জনাব মো: সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)-মাশিঅ এবং জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (সহকারী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত নাম MD. MIZANUR RAHMAN এর স্থলে MD. MIZANUR RAHAMAN সংশোধনের জন্য আবেদন করেছেন এবং DEO, মাদারীপুর বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ MD. MIZANUR RAHAMAN এর স্থলে MD. MIZANUR RAHAMAN সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় মাদারীপুর জেলার সদর উপজেলাধীন মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস জনাব মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-D2030592) এর এমপিও শীটে নাম MD. MIZANUR RAHMAN এর স্থলে MD. MIZANUR RAHAMAN সংশোধনের করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। DEO, মাদারীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-D2030592) এর তথ্য এবং নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	মুহাদ্দিস পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান নাম	প্রার্থিত নাম	মন্তব্য
০১	জনাব মো: মিজানুর রহমান, মুহাদ্দিস (ইনডেক্স নং-D2030592) মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসা, সদর, মাদারীপুর	১১/০৩/২০২০ খ্রি.	নাম- MD. MIZANUR RAHMAN	নাম- MD. MIZANUR RAHAMAN	এমপিও শীটে বিদ্যমান নাম- MD. MIZANUR RAHMAN এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থিত নাম MD. MIZANUR RAHAMAN সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, DEO, মাদারীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী মো: মিজানুর রহমান (ইনডেক্স নং-D2030592) এর নাম MD. MIZANUR RAHMAN এর স্থলে MD. MIZANUR RAHAMAN সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।  
৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ডুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: মিজানুর রহমান, মুহাদ্দিস কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: ১৩ ফর্দ।

৪-৪-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,  
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০২৪.২১.১১৩২/১(৬)

তারিখ: ২১ চৈত্র ১৪২৮  
০৪ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), মাদারীপুর।

৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মাদারীপুর।

৪) সভাপতি/অধ্যক্ষ, মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসা, সদর, মাদারীপুর।

৫) জনাব মো: মিজানুর রহমান, মুহাদ্দিস (ইনডেক্স নং- D2030592) মাদারীপুর আহমাদিয়া কামিল মাদ্রাসা, সদর, মাদারীপুর।

৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪-৪-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)